


ত্রৈমাসিক

# পূবালী বার্তা

পূবালী বার্তা - পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা

ডিসেম্বর ২০১৩ : সংখ্যা ০৫



## প্রতিভা বিকাশ সোশ্যাল ডেভেলপমেন্ট ভলান্টারি অ্যাসোসিয়েশন ফর বাংলাদেশ আয়োজিত গুণীজন সম্মাননা অ্যাওয়ার্ড-২০১৩

প্রতিভা বিকাশ সোশ্যাল ডেভেলপমেন্ট ভলান্টারি অ্যাসোসিয়েশন ফর বাংলাদেশ আয়োজিত গুণীজন সম্মাননা অ্যাওয়ার্ড-২০১৩ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সমাজসেবা ও শিক্ষায় অনবদ্য অবদানের জন্য পদকপ্রাপ্ত খ্যাতিমান ব্যক্তিত্ব, মাননীয় সংসদ সদস্য ও পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার। ছবিতে মঞ্চে উপবিষ্ট (ডানদিক থেকে) প্রতিভা বিকাশ, বাংলাদেশ এর চেয়ারম্যান সিএম তোফায়েল সামী, গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর উপদেষ্টা এ. এস. এ মুইজ, সাবেক সচিব সৈয়দ আব্দুল মুক্তাদির, সুনামগঞ্জ ৪ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব মতিউর রহমান, সাবেক সচিব ও প্রতিভা বিকাশ বাংলাদেশের ভাইস চেয়ারম্যান ড. এ কে আব্দুল মুবিন, পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী, ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ইশতিয়াক আহমেদ চৌধুরী প্রমুখ ।



## রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে অবদানের জন্য পূবালী ব্যাংক লিমিটেডের সম্মাননা প্রাপ্তি

দেশের রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে সহযোগিতা প্রদান ও প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগে উদ্বুদ্ধকরণে বিশেষ ভূমিকা পালনের জন্য সেন্টার ফর এনআরবি পূবালী ব্যাংক লিমিটেড-কে বিশেষ সম্মাননা প্রদান করেছে। “Recognition of NRBs and Supportive Organizations in Bangladesh” শীর্ষক এক আলোচনা সভা শেষে প্রবাসীদের সহায়তার মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদানের জন্য এই সম্মাননা প্রদান করা হয়। এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট কাজী আকরামউদ্দিন আহমেদ এর নিকট থেকে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী এই সম্মাননা পদক গ্রহণ করেন।

সম্প্রতি হোটেল সোনারগাঁয়ে অনুষ্ঠিত এই সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ড্যান ডবিস্নউ মজীনা। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা চেম্বারের সভাপতি সবুর খান ও প্রাক্তন সচিব সোহেল আহমদ চৌধুরী । সভাপতিত্ব করেন সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এমএস সেকিল চৌধুরী।



## ‘মাস্টারকার্ড ডেবিট কার্ড’ চালু করল পূবালী ব্যাংক লিমিটেড

গ্রাহকদের আধুনিক ও প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেড ২ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে ‘মাস্টারকার্ড ডেবিট কার্ড’ চালু করেছে। ‘মাস্টারকার্ড ডেবিট কার্ডের’ মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম এ হালিম চৌধুরী এবং মাস্টারকার্ড ওয়ার্ল্ডওয়াইডের দক্ষিণ এশিয়া বিভাগের প্রেসিডেন্ট আরি সারকার, দক্ষিণ এশিয়ায় এরিয়া প্রধান ভিকাশ ভার্মা ও বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সৈয়দ মোহাম্মদ কামাল। এছাড়া পূবালী ব্যাংক লিমিটেড ও মাস্টারকার্ড ওয়ার্ল্ডওয়াইডের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন, বিশ্বায়নের এই যুগে আধুনিক প্রযুক্তির যথাযথ ব্যবহার করে উন্নততর গ্রাহক সেবা প্রদানে পূবালী ব্যাংক অগ্রাধিকার দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গ্রাহকদের চাহিদা এবং আধুনিক ভালো

*এরপর পৃষ্ঠা ৩ কলাম ১*



স্বপ্নপূরণ

সঞ্চয়ে হোক স্বপ্নপূরণ
হাসি খুশি সবার জীবন



## ব্যাংকের ক্রমবর্ধমান বৈদেশিক বাণিজ্য ব্যবসা এবং রেমিট্যান্স প্রবাহ আরো সম্প্রসারিত করার জোর তাগিদ দিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক

পূবালী ব্যাংক লিমিটেডের আন্তর্জাতিক বিভাগ কর্তৃক "Foreign Exchange Transaction & Reporting" শীর্ষক একটি কর্মশালা সম্প্রতি প্রধান কার্যালয়ে আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। কর্মশালাটির সভাপতিত্ব করেন আন্তর্জাতিক বিভাগের মহাব্যবস্থাপক মোঃ হাসান আলী।

প্রশিক্ষণার্থীদের অনলাইন আমদানী ব্যবস্থাপনা পদ্ধতি, অনলাইন রপ্তানী পর্যবেক্ষণ পদ্ধতি, বাংলাদেশ ব্যাংক এর রিটার্ণ, বাণিজ্য সম্প্রসারনে কেন্দ্রীয় পরিপালন নির্দেশিকা সম্পর্কে সঠিক ধারণা দেয়ার লক্ষ্যে এই কর্মশালা আয়োজন করা হয়।

কর্মশালায় ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী যথাযথ সময়ে ও সুষ্ঠ নিয়মে Foreign Exchange Reporting পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি উলেস্নখ করেন পরিবর্তিত বিশ্বের অগ্রযাত্রায় সামিল হয়ে ব্যাংকিং খাতকে সমৃদ্ধ করতে হলে বৈদেশিক বাণিজ্য উত্তরোত্তর বৃদ্ধি করতে হবে। তিনি আমদানী

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*




স্বাধীন সঞ্চয়

স্বাধীনভাবে সঞ্চয় করুন
স্বচ্ছলতায় জীবন গড়ুন।


## 'মাস্টারকার্ড ডেবিট কার্ড' চালু করল পূবালী ব্যাংক লিমিটেড

.......... *প্রথম পৃষ্ঠার পর*

সুযোগ-সুবিধা প্রদানের অংশ হিসেবে পূবালী ব্যাংক মাষ্টারকার্ড ডেবিট কার্ড চালু করেছে। তিনি আরও বলেন, পূবালী ব্যাংকের গ্রাহকরা মাষ্টারকার্ড ডেবিট কার্ড ব্যবহার করে খুব সহজেই টাকা উত্তোলন করতে পারবে এবং আর্থিক বিবরণী জানতে পারবে। তিনি বলেন, পূবালী মাষ্টারকার্ড ডেবিট কার্ড গ্রাহকদের ব্যাংকিং লেনদেনের প্রক্রিয়াকে সহজতর করে তুলবে।

অনুষ্ঠানে বক্তব্য প্রদানকালে মাস্টারকার্ড ওয়ার্ল্ডওয়াইডের দক্ষিণ এশিয়া বিভাগের প্রেসিডেন্ট আরি সারকার বলেন, "পূবালী ব্যাংকের মতো বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় ব্যাংকের সঙ্গে কাজ করার সুযোগ পেয়ে আমরা ভীষণ আনন্দিত। আমরা এখন পূবালী ব্যাংকের সঙ্গে দীর্ঘমেয়াদে ও ফলপ্রসূ অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে গ্রাহকদের জন্য ভবিষ্যতে এ ধরনের আরো অনেক পণ্য-সেবা নিয়ে আসতে চাই এবং কার্ডহোল্ডারদের জন্য নিরাপদ ও আরামদায়ক পণ্য-সেবা নিয়ে আসতে অধীর আগ্রহ সহকারে অপেক্ষা করছি।"

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পূবালী ব্যাংকের চীফ টেকনিক্যাল অফিসার ও তথ্যপ্রযুক্তি বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী।



## রাজশাহীতে এসএমই উদ্যোক্তা ও ব্যাংকার'স সম্মেলন-২০১৩ অনুষ্ঠিত

রাজশাহী মেডিকেল কলেজের ডাঃ কাইছার রহমান মেমোরিয়াল অডিটোরিয়ামে গত পহেলা অক্টোবর ২০১৩ দিনব্যাপী এস এম ই ফাউন্ডেশন কর্তৃক এসএমই উদ্যোক্তা ও ব্যাংকার'স সম্মেলন-২০১৩ অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া। এস এম ই ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক মুজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিল্পপ্রতিমন্ত্রী ওমর ফারুক ও বাংলাদেশ ব্যাংক রাজশাহীর মহাব্যবস্থাপক জিন্নাতুল বাকেয়া। উক্ত সম্মেলনে পূবালী ব্যাংক লিমিটেড এর রাজশাহী অঞ্চলের প্রতিনিধিত্ব করেন হাবিবুর রহমান (মহাব্যবস্থাপক, ঋণ মঞ্জুরী বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা), সাইয়্যদ সাইফুল ইসলাম (উপ-মহাব্যবস্থাপক ও আঞ্চলিক প্রধান, রাজশাহী অঞ্চল) এবং অন্যান্য শাখার ব্যবস্থাপকগণ।

সম্মেলনের উদ্বোধন শেষে মাননীয় মন্ত্রী বিভিন্ন ব্যাংক থেকে দেয়া ৪০ জন ক্ষুদ্র উদ্যোক্তার মাঝে প্রায় ৫ কোটি টাকার ঋণের চেক বিতরণ করেন। চেক বিতরণ অনুষ্ঠানে পূবালী ব্যাংকের রাজশাহী শাখা এবং কাটাখালী শাখার পক্ষ থেকে যথাক্রমে ৫ লক্ষ ও ৩ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়। উক্ত সম্মেলনে এস এম ই মেলার আয়োজন করা হয় যেখানে বিভিন্ন এসএমই প্রতিষ্ঠান তাদের উৎপাদিত বিভিন্ন পণ্য যেমন চামড়াজাত পণ্য, পাটজাত পণ্য, হস্তশিল্প, কৃষিজাত পণ্য এবং বিভিন্ন বাহারি পোশাক নিয়ে হাজির হয়। পুবালী ব্যাংক লিমিটেড মেলায় আগত দর্শণার্থীদের মাঝে এস এম ই ঋণদান সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদান করে।

## নবনিযুক্ত জুনিয়র অফিসারদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানালেন পূবালী ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক

.......... *৪র্থ পৃষ্ঠার পর*

জ্ঞান আহরণের মাধ্যমে সমৃদ্ধ করে তুলতে হবে। তিনি আরো বলেন, কঠোর পরিশ্রমই মানুষকে প্রতিভাবান করে তোলে। নবনিযুক্ত কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে নিজেদেরকে দক্ষ ব্যাংকার হিসেবে সুপ্রতিষ্ঠিত করা সম্ভব। পূবালী ব্যাংক সব সময় এ দিকটায় বিশেষ দৃষ্টি দিয়ে থাকে। উলেস্নখ্য যে, পূবালী ব্যাংক এ বছর বিভিন্ন স্তরের প্রায় ৭০০ কর্মকর্তা নিয়োগ দিচ্ছে। এছাড়া ব্যাংকের Internal Control & Compliance, Risk Management এবং তথ্য প্রযুক্তি বিভাগকে আরো সমৃদ্ধশালী করার প্রচেষ্টা অব্যাহত আছে।

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম এ হালিম চৌধুরী নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ব্যাংকিং পেশায় স্বাগত জানিয়ে দৃঢ় সংকল্প, একাগ্রতা, আন্তরিকতা এবং পেশাদারিত্ব দিয়ে গ্রাহকদের সেবাদানের আহ্বান জানান। তিনি বলেন, যথাযথ ও সঠিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে অফিসারদের অবশ্যই আধুনিক প্রযুক্তির সঙ্গে সমন্বয় করে নিজেদেরকে গড়ে তুলতে হবে।

মানব সম্পদ বিভাগের মহাব্যবস্থাপক সৈয়দ আজিজ আহমেদ নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

## নোয়াখালী অঞ্চল কর্তৃক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

.......... *৮ম পৃষ্ঠার পর*

বাস্তবায়নের অংশ হিসাবে এই কর্মশালার আয়োজন করে। নোয়াখালী অঞ্চলের বিভিন্ন শাখা থেকে অংশগ্রহনকারী ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব টেকশই অর্থায়ন, সঠিক ঋণ প্রস্তাব প্রণয়ন, লোন ডকুমেন্টেশন ও ঋণ আদায় সংক্রান্ত বিষয়ে জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে এ কর্মশালা সহায়ক ভূমিকা পালন করবে বলে কর্মশালায় মত প্রকাশ করেন। জনাব সাইফুল ইসলামের সঞ্চালনায় উক্ত কর্মশালায় নোয়াখালী অঞ্চলের ১৯ টি শাখা ও আঞ্চলিক কার্যালয় সহ মোট ৫০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এর সাথে The Bank of Tokyo-Mitsubishi UFJ Ltd এর প্রতিনিধিদলের সাক্ষাৎ

.......... *৮ম পৃষ্ঠার পর*

Bank of Tokyo-Mitsubishi UFJ Ltd এর সাথে পূবালী ব্যাংকের উলেস্নখযোগ্য পরিমাণে ব্যবসায়িক কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

এ প্রসঙ্গে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন- উন্নততর গ্রাহক সেবা প্রদানের পাশাপাশি দেশের বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণের মাধ্যমে অর্থনীতির ভিত্তি মজবুত করতে পূবালী ব্যাংক অন্যান্য ব্যাংকের সংগে যৌথ উদ্যোগে বৈদেশিক বাণিজ্য ব্যবসা পরিচালনা করছে। দেশ-বিদেশের বিভিন্ন শিল্প উদ্যোক্তা ও প্রতিষ্ঠানের প্রতি পূবালী ব্যাংকের এই সহযোগিতামূলক মনোভাব অব্যাহত থাকবে বলে তিনি মন্তব্য করেন।

## বিয়াক এবং আইএলআই, ওয়াশিংটন ডিসি আয়োজিত "বেসিক আরবিট্রেসন ট্রেনিং" এ পূবালী ব্যাংক ব্যবস্থাপনা পরিচালক এর বক্তৃতা

.......... *৬ষ্ঠ পৃষ্ঠার পর*

বেসরকারী খাতের বৃহত্তম ব্যাংক পূবালী ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক হিসাবে দায়িত্ব পালনের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। তাঁর বক্তব্য শুনে প্রশিক্ষনার্থীগণ প্রভূত লাভবান হবেন মর্মে তিনি আশা প্রকাশ করেন।

এ প্রশিক্ষণ কর্মসূচীতে বিভিন্ন সরকারী ও বেসরকারী ব্যাংক, ল চেম্বার ও বিভিন্ন বাণিজ্যিক সংস্থা হতে মনোনীত সর্বমোট একচলিস্নশ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহণ করেন।

## মৌলভীবাজার অঞ্চলে সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের যোগদান উপলক্ষে পরিচিতি সভা

.......... *৮ম পৃষ্ঠার পর*

এবং সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্য থেকে বক্তব্য রাখেন মোঃ আনিসুর রহমান এবং আকরামুল কালাম। সভাপতি ও অঞ্চল প্রধান আহমদ এনায়েত মনজুর তাঁর বক্তব্যে বলেন, নবীন কর্মকর্তাদের সাফল্য লাভের জন্য স্বপ্ন দেখতে হবে, কঠোর পরিশ্রম করতে হবে, নৈতিক ভিত্তি মজবুত করতে হবে এবং জ্ঞানার্জনে মনোযোগী হতে হবে। তাহলেই কর্মক্ষেত্রে নিজ সফলতার পাশাপাশি প্রতিষ্ঠানেরও উন্নয়ন হবে।

## ব্যাংকের ক্রমবর্ধমান বৈদেশিক বাণিজ্য ব্যবসা এবং রেমিট্যান্স প্রবাহ আরো সম্প্রসারিত করার জোর তাগিদ দিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক

.......... *৩য় পৃষ্ঠার পর*

ও রফতানী কর্মকান্ডে সংশিষ্ট প্রতিষ্ঠানের সংগে সার্বক্ষণিক যোগাযোগ এবং আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের ক্রমবর্ধমান বৈদেশিক বাণিজ্য ব্যবসা আরো সম্প্রসারিত করার জোর তাগিদ দেন। তিনি রেমিট্যান্স ব্যবসা বাড়ানোর উপরও জোর দেন। তিনি কর্মকর্তাদের প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ও অন্যান্য নিয়ন্ত্রণকারী সংস্থার নির্দেশ সুষ্ঠুভাবে পরিপালনের জন্য তাগিদ দেন।

পূবালী ব্যাংক লিমিটেড আন্তর্জাতিক বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ শাহদাৎ হোসেন ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

## উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করলেন ২২ জন সহকারী

.......... *৯ম পৃষ্ঠার পর*

উপ-মহাব্যবস্থাপকগণ ব্যাংকের অগ্রযাত্রাকে আরো বেগবান করে ব্যাংককে সমৃদ্ধ করবেন। তিনি বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে দক্ষ ব্যাংকার হিসেবে নিজেকে সুপ্রতিষ্ঠিত করে তোলার আহ্বান জানান।




গাড়ী ক্রয় ঋণ
নতুনভাবে পথচলা...
আপনার নিজের গাড়ী!
পূবালী গাড়ী ক্রয় ঋণ
আপনাকে দিবে নতুনভাবে পথচলার নিশ্চয়তা,আনন্দ আর নির্ভরতা।




## বিয়াক এবং আইএলআই, ওয়াশিংটন ডিসি আয়োজিত “ বেসিক আরবিট্রেসন ট্রেনিং ” এ পূবালী ব্যাংক ব্যবস্থাপনা পরিচালক এর বক্তৃতা


আরবিট্রেশন ও মেডিয়েশন বিষয়ে প্রশিক্ষিত জনবল দেশের ব্যাংকিং সেক্টরের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ - সম্প্রতি স্থানীয় একটি হোটেলে আরবিট্রেশন বিষয়ে বুনিয়াদী প্রশিক্ষনে অতিথি বক্তা হিসাবে বক্তৃতা প্রদান কালে পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হেলাল আহমদ চৌধুরী একথা বলেন।

বিশ্ব ব্যাংক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের সহায়তায় ২০ হতে ২৪ অক্টোবর ২০১৩ পর্যন্ত আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচী যৌথভাবে আয়োজন করেছে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) ও ইন্টারন্যাশনাল ল ইন্সস্টিটিউট (আই এল আই), ওয়াশিংটন ডিসি।

বক্তব্য প্রদানকালে জনাব চৌধুরী আরও বলেন অতীতে আমাদের ব্যাকিং সেক্টর খেলাপী ঋণ এ ভারাক্রান্ত ছিল। ঋণ গ্রহীতাদের ব্যাংক যে ঋণ প্রদান করত তার একটি বিরাট অংশ বিভিন্ন কারনে খেলাপী হয়ে যেত। এক পর্যায়ে খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে আদালতে মামলা রজ্জু করা ছাড়া ব্যাংক এর সামনে আর কোন পথ খোলা থাকত না। কিন্তু আমাদের আদালত সমূহে মামলা জটের ফলে এ সকল মামলা নিষ্পত্তিতে দীর্ঘ সময় ব্যয় হতো। মামলা ও খেলাপী ঋণ গ্রহীতা সৃষ্টি করা ব্যাংকের লক্ষ্য নয়। ব্যাংকের লক্ষ্য উদ্যোক্তা উন্নয়নে সহায়তা করা, যা দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে। ২০০৩ এর অর্থ ঋণ আদালত আইন এ অবস্থা হতে উত্তরনে অবদান রাখে। এ আইনে আদালতের বাইরে মেডিয়েশন পদ্ধতি ব্যবহার করে এ সকল খেলাপী ঋণ সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির বিধান রাখা হয়। ২০১০ সালে এ আইন আরও সংশোধন করে খেলাপী ঋণ সংক্রান্ত মামলা নিষ্পত্তিতে মেডিয়েশন পদ্ধতির ব্যবহার বাধ্যতামূলক করা হয়। কিন্তু মেডিয়েশন বিষয়ে প্রশিক্ষিত জনবল না থাকায় আমরা এ সকল আইনী সংশোধনীর সুফল লাভে বঞ্চিত হচ্ছিলাম মর্মে তিনি মন্তব্য করেন। দেশের আর্থিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের নির্বাহীদের জন্য আরবিট্রেশন বিষয়ে এ প্রশিক্ষণের ব্যবস্থা করায় তিনি বিয়াক ও আই এল আই কে ধন্যবাদ জানান।

এর আগে জনাব চৌধুরীকে স্বাগত জানিয়ে বিয়াক এর প্রধান নির্বাহী ড: তৌফিক আলী বলেন প্রতিষ্ঠার পর হতেই পূবালী ব্যাংক বিয়াক এর সকল উদ্যোগে সমর্থন জানিয়ে আসছে। তিনি আরও বলেন জনাব চৌধুরী একজন সফল ব্যাংকার, বিশেষ করে দেশের


*এরপর পৃষ্ঠা ৫ কলাম ২*




## “ক্যাশ ব্যবস্থাপনা” শীর্ষক এক কর্মশালা



পূবালী ব্যাংক লিমিটেড খুলনা অঞ্চলাধীন উত্তরাংশের ১৩ টি শাখার ব্যবস্থাপক ও ক্যাশ কর্মকর্তাদের অংশগ্রহণে গত ২৬/১০/২০১৩ ইং তারিখ ঝিনাইদহস্থ এইড কমপেস্নক্স এ “ক্যাশ ব্যবস্থাপনা” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, খুলনা শাখার উপ-মহাব্যবস্থাপক (ব্যাংকিং) জনাব গোবিন্দ লাল গাইন। এছাড়াও অন্যান্যদের মধ্যে আলোচনা করেন খুলনা শাখার সহকারী মহাব্যবস্থাপক জনাব মো: রফিকুল ইসলাম ও মাগুরা শাখার ব্যবস্থাপক জনাব মোহাম্মদ খোরশেদ আলম খান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান জনাব মোহাম্মদ হুমায়ুন কবির।



প্রবাসী ঋণ প্রকল্প

যাত্রা শুভ হোক...

ওয়ার্ক পারমিট,ভিসা সবই আছে..
কিন্তু.. বিদেশ যাবার টাকা কোথায়?

বিদেশ গমনেচ্ছুকদের অর্থনৈতিক
প্রতিবন্ধকতা দূর করতে পূবালী ব্যাংক
চালু করেছে প্রবাসী ঋণ প্রকল্প।



## রোটারী ক্লাব অব গুলশান এর ৩৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান

রোটারী ক্লাব অব গুলশান এর ৩৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান গত ৩১/০৮/২০১৩ ইং তারিখে রাজধানীর মহাখালীস্থ ব্র্যাক সেন্টার ইন এ অনুষ্ঠিত হয়। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও এডকম লিমিটেড এর চেয়ারম্যান গীতিআরা সাফিয়া চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রোটারী ইন্টারন্যাশনাল, ডিস্ট্রিক্ট ৩২৮১ এর গভর্নর রোটারিয়ান গোলাম মুস্তাফা পিএইচএফ, বি, এমডি, পিএইচএস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রোটারী ক্লাব অব গুলশান এর প্রেসিডেন্ট এবং পূবালী ব্যাংক লিমিটেড এর পরিচালক রোটারিয়ান এম. কবিরুজ্জামান ইয়াকুব।



## শোক বার্তা

পূবালী ব্যাংক লিমিটেড-নয়াপল্টন শাখা, ঢাকা এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার বীর মুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহমেদ কিডনী জনিত জটিলতার কারনে গত ২৫/ ০৫/ ২০১৩ ইং তারিখে ঢাকার ইবনে সিনা হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহ ওয়া ইন্না ইলাহী রাজিউন)।

মুন্সিগঞ্জে নিজ গ্রামে পারিবারিক গোরস্থানে উনাকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। জনাব মহিউদ্দিন আহমেদের অকাল মৃত্যুতে পূবালী পরিবার গভীর শোক প্রকাশ করেছে। জনাব মহিউদ্দিন আহমেদ ১৯৫৫ সালের ৩১ শে মার্চ মুন্সিগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৫ সনে পূবালী ব্যাংকে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি বিভিন্ন শাখায় অত্যন্ত সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি মাতা, স্ত্রী ও দুই পুত্র সন্তান রেখে গেছেন।




## ওয়েস্টার্ন ইউনিয়ন কর্তৃক আয়োজিত "Global Ramadan Campaign" বিজয়ী পূবালী ব্যাংকের গ্রাহকের নিকট মোটরসাইকেল হস্তান্তর

রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে সম্প্রতি ওয়েস্টার্ন ইউনিয়ন কর্তৃক আয়োজিত "Global Ramadan Campaign" বিজয়ী পূবালী ব্যাংকের গ্রাহকের নিকট পূবালী ব্যাংক লিমিটেড ও ওয়েস্টার্ন ইউনিয়ন একটি মোটরসাইকেল হস্তান্তর করেছে। পূবালী ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বিজয়ী পূবালী ব্যাংক-এর গ্রাহক মোঃ নুরুল আমিন এর নিকট মোটরসাইকেলটি হস্তান্তর করেন। ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম.এ. হালিম চৌধুরী, সিএফও ও মহাব্যবস্থাপক সাঈদ আহমেদ এফসিএ, কোম্পানী সচিব ও মহাব্যবস্থাপক মোঃ সাঈদ সিকদার, আন্তর্জাতিক বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ হাসান আলী, ওয়েস্টার্ন ইউনিয়ন এর বিজনেস ডেভলপমেন্ট ম্যানেজার মোঃ মতিউর রহমান এসময় উপস্থিত ছিলেন।

উলেখ্য, এ ক্যাম্পেইন ১১ জুলাই থেকে ১৪ আগস্ট, ২০১৩ পর্যন্ত চলে। এ ক্যাম্পেইনে প্রতিদিন একজন রেমিট্যান্স গ্রাহক লটারীর মাধ্যমে মোটরবাইক জয়ী হন।

সংক্ষিপ্ত বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী বলেন, প্রবাসী বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ দেশে প্রিয়জনদের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে পূবালী ব্যাংক দীর্ঘদিন যাবৎ ওয়েস্টার্ন ইউনিয়নের রেমিট্যান্স পার্টনার হিসেবে কাজ করছে। ৪১৯টি শাখায় সর্বোচ্চ সংখ্যক ৪১৩ টি অনলাইন শাখা নিয়ে পূবালী ব্যাংকের আছে দেশের অন্যতম বিস্তৃত রেমিট্যান্স বিতরণের নেটওয়ার্ক।




## ঋণের নতুন আবেদনপত্র চালু ও ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার উপর কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড-এর ট্রেনিং এন্ড পলিসি ইউনিট, ক্রেডিট ডিভিশন ও খুলনা আঞ্চলিক কার্যালয়ের যৌথ আয়োজনে নতুন ভাবে ডিজাইনকৃত ব্যবসায় ঋণের আবেদনপত্র চালু করা ও ঋণ প্রস্তাবনা উপস্থাপন বিষয়ক কর্মশালা গত ০২.১১.২০১৩ তারিখ শনিবার ব্যাংক-এর খুলনা শাখায় অনুষ্ঠিত হয়। খুলনা অঞ্চলাধীন সকল শাখা ব্যবস্থাপক ও সংশিস্নষ্ট কর্মকর্তাদের অংশগ্রহনে অনুষ্ঠিত কর্মশালাটিতে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন খুলনার অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোহাম্মদ হুমায়ুন কবির। প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন ট্রেনিং এন্ড পলিসি ইউনিট, ক্রেডিট ডিভিশন-এর সদস্য ও উপ-মহাব্যবস্থাপক নীতিশ কুমার রায়। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অডিট ডিভিশনের সহকারী *এরপর পৃষ্ঠা ৪ কলাম ২*



## পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এর সাথে The Bank of Tokyo-Mitsubishi UFJ Ltd এর প্রতিনিধিদলের সাক্ষাৎ

সম্প্রতি The Bank of Tokyo - Mitsubishi UFJ Ltd এর একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী এর সাথে ব্যাংকের প্রধান কার্যালয়ে সাক্ষাৎ করেন। Bank of Tokyo-Mitsubishi UFJ'র এশিয়া ও ওশেনিয়া অঞ্চলের ব্যবসা পরিকল্পনা বিভাগের প্রধান সহকারী মহাব্যবস্থাপক হিডেতোশি আমানো এর নেতৃত্বে প্রতিনিধি দলটিতে ছিলেন অর্থনৈতিক প্রতিষ্ঠান বিভাগের এশিয়ান বিজনেস শাখা প্রধান সহকারী মহাব্যবস্থাপক ভিনসেন্ট ইয়াপ, রুজুন ডন, Bank of Tokyo-Mitsubishi এর ঢাকা অফিসের প্রধান ইয়াশুশি তাকেওচি, টিটো মোহন দে, সহোরত কবীর প্রমুখ। পূবালী ব্যাংকের আন্তর্জাতিক বিভাগের মহাব্যবস্থাপক মোঃ হাসান আলী এসময় উপস্থিত ছিলেন।

উক্ত সাক্ষাতে ব্যাংকের সাথে বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণে বিনিয়োগ সুবিধা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উলেস্নখ্য যে,

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ২*




## নোয়াখালী অঞ্চল কর্তৃক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড, আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী এবং প্রধান কার্যালয়ের ঋণ বিভাগের যৌথ উদ্যোগে গত ২১/০৯/২০১৩ ইং তারিখে মাইজদী কোর্ট শাখায় "ই আর এম" গ্রীন ব্যাংকিং, এস এম ই ঋণ, সঠিক ঋণ প্রস্তাব প্রণয়ন, ডকুমেন্টেশন এবং ঋণ আদায়" বিষয়ে দিনব্যাপী এক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালাটি আঞ্চলিক প্রধান, উপমহাব্যবস্থাপক জনাব মোঃ খোরশেদ রেজা এর সভাপতিত্বে যথাসময়ে অনুষ্ঠিত হয়। কর্মশালার রির্সোস পারসন ছিলেন প্রধান কার্যালয়, ঋণ বিভাগের সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, গ্রীন ব্যাংকিং ইউনিট/সেল জনাব নাঈমুল হক, ঋণ বিভাগের কর্মকর্তা জনাব আরিফুজ্জামান, নোয়াখালী আঞ্চলিক কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক জনাব ছায়েদুল হক, জনাব আলমগীর জাহান, এসপিও জনাব সাইফুল ইসলাম এবং জনাবা আমেনা আক্তার।

উক্ত কর্মশালায় আলোচকবৃন্দ উলেস্নখ করেন, জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা সংকুল দেশ গুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। কাজেই পরিবেশগত ঝুঁকি মোকাবেলায় গ্রীন ব্যাংকিং কার্যক্রম একটি যুগোপযোগী পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় ঋণ বিভাগের সহযোগিতায় পূবালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের গ্রীন ব্যাংকিং নীতিমালা

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*



## "What a Banker does dawn to dusk" শীর্ষক কর্মশালা

পূবালী ব্যাংক লিমিটেড, আঞ্চলিক কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা এর সার্বিক তত্ত্বাবধানে গত ২৩ নভেম্বর ২০১৩, শনিবার পূবালী ব্যাংক মালিবাগ শাখায় What a Banker does dawn to dusk শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয় । মালিবাগ শাখার প্রধান এ এস এম রায়হান শামীম এর পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা কেন্দ্রীয় অঞ্চলের অঞ্চল প্রধান, মোঃ মামুন বখত। কর্মশালায় ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চলের মালিবাগ, মগবাজার, শান্তিনগর ও ঢাকা রেলওয়ে স্টেশন শাখার ব্যবস্থাপকগন সহ উক্ত অঞ্চলের মোট ৬০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## মৌলভীবাজার অঞ্চলে সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের যোগদান উপলক্ষে পরিচিতি সভা



পূবালী ব্যাংক লিঃ, আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজারে সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের যোগদান উপলক্ষে এক পরিচিতি সভা গত ২৭ অক্টোবর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ, মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ, মৌলভীবাজার অঞ্চলের আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋন প্রশাসক জনাব মোহাম্মদ আবু তাহের এবং মৌলভীবাজার আঞ্চলিক কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা এবং কর্মচারী-বৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আঞ্চলিক কার্যালয়ের জয়শ্রী দাশ। উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন অঞ্চল প্রধান জনাব আহমদ এনায়েত মনজুর, আইন কর্মকর্তা ও আঞ্চলিক ঋন প্রশাসক জনাব মোহাম্মদ আবু তাহের, মৌলভীবাজার আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা নূপুর বৈদ্য, শ্যামল বরণ দত্ত

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ২*




## খুলনা আঞ্চলিক কার্যালয় কর্তৃক ক্যাশ ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা

খুলনা আঞ্চলিক কার্যালয় কর্তৃক আয়োজিত উক্ত অঞ্চলের ১৩টি শাখার ব্যবস্থাপক ও ক্যাশ কর্মকর্তাদের উপস্থিতিতে "ক্যাশ ব্যবস্থাপনা" বিষয়ক একটি কর্মশালা গত ১১ অক্টোবর খুলনা শাখায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, খুলনা শাখার উপ-মহাব্যবস্থাপক (ব্যাংকিং) জনাব গোবিন্দ লাল গাইন। এছাড়াও অন্যান্যদের মধ্যে আলোচনা করেন খুলনা শাখার সহকারী মহাব্যবস্থাপক জনাব মো: রফিকুল ইসলাম ও মিরেরডাংগা শাখার ব্যবস্থাপক জনাব মো:সালাউদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান জনাব মোহাম্মদ হুমায়ুন কবির।

অনুষ্ঠানে ছেঁড়াফাটা নোটের বিনিময় মূল্য প্রদান সংক্রান্ত বিষয়াবলী, আসল নোটের বৈশিষ্ট্য ও জাল নোট চেনার উপায়, ব্যাংকিং ইন্সট্রুমেন্ট (ডিডি, টিটি, পেমেন্ট অর্ডার, IBDA, IBCA, MICR CHQ) ইস্যু করণ এবং জালিয়াতি প্রতিরোধ, ক্যাশ বিভাগের অবস্থান, নিরাপত্তামূলক ব্যবস্থা, সম্ভাব্য দূর্ঘটনা রোধে সতর্কতামূলক ব্যবস্থা, ভল্ট রেজিষ্টার, ভল্ট/সেফের চাবি রক্ষাণাবেক্ষন, সেইফ, ট্রানজিট ও কাউন্টার লিমিট রক্ষণ, আমানতই ব্যাংকের জীবনী প্রানশক্তি ও বর্তমান প্রেক্ষাপটে গ্রাহক সেবা, অভিন্ন হিসাব খোলার ফরমে বিভিন্ন হিসাব খোলার পদ্ধতি, প্রভৃতি বিষয়ে দিন ব্যাপী আলোচনা হয়।

অনুষ্ঠানে বক্তাগণ শাখা ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তাদের দক্ষতা এবং আন্তরিকতার সহিত ক্যাশ ব্যবস্থাপনা, ঈদ ও দূর্গাপূজা উপলক্ষ্যে জাল নোট প্রতিরোধে সজাগ থাকা এবং হিসাব খোলার সময় গ্রাহক পরিচিতি যথাযথ গ্রহন ও প্রয়োজনীয় দলিলাদী সংরক্ষণ করতে আহবান জানান।



## কর্মবীর সম্মাননা পেলেন হেলাল আহমদ চৌধুরী

সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেডের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব হেলাল আহমদ চৌধুরীকে তাঁর নিজ কর্মক্ষেত্রে অসামান্য সফলতা ও দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য "সিলেট রত্ন ফাউন্ডেশন" এর পক্ষ থেকে বিশেষ সম্মাননা (কর্মবীর সম্মাননা) স্মারক প্রদান করা হয়। সম্মাননা স্বারকটি প্রদান করেন "সিলেট রত্ন ফাউন্ডেশন" এর সম্মানিত সভাপতি বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত। সম্মাননা প্রদান অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন বিগত নির্বাচন কমিশনার জনাব ছহুল হুছাইন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক তত্বাবধায়ক সরকারের মাননীয় উপদেষ্টা জনাব সিএম শফি সামী, জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অবসরপ্রাপ্ত) ডাঃ আব্দুল মালিক, জালালাবাদ এসোসিয়েশনের সম্মানিত সভাপতি ডঃ এ কে আব্দুল মুবিন এবং বেলা-এর প্রধান নির্বাহী সাঈদা রিজওয়ানা হাসান।



## উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করলেন ২২ জন সহকারী মহাব্যবস্থাপক

কর্মক্ষেত্রে সাফল্যের স্বীকৃতিস্বরূপ পূবালী ব্যাংক লিমিটেডের ২২ জন সহকারী মহাব্যবস্থাপককে উপ-মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি প্রদান করা হয়েছে। পূবালী ব্যাংক প্রধান কার্যালয়ের বোর্ড রুমে নতুন পদোন্নতি প্রাপ্ত উপ-মহাব্যবস্থাপকদের পদোন্নতিপত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী পদোন্নতি প্রাপ্ত উপ-মহাব্যবস্থাপকদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহবান জানান। তিনি বলেন, কঠোর পরিশ্রমই মানুষকে প্রতিভাবান করে তোলে। তিনি আশা প্রকাশ করেন, কর্মক্ষেত্রে স্বীয় কর্ম, মেধা ও যোগ্যতার মাপকাঠিতে পদোন্নতি প্রাপ্ত

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*



ডেবিট কার্ড

টাকা উত্তোলন আর কেনাকাটা, সবই এখন হাতের মুঠোয়।



## খুলনা অঞ্চলে "কনজুমার ক্রেডিট স্কীম" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড-এর খুলনা অঞ্চল কর্তৃক আয়োজিত উক্ত অঞ্চলের সকল শাখা ব্যবস্থাপক ও সংশিস্নষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে "কনজুমার ক্রেডিট স্কীম" বিষয়ক দিনব্যাপী এক কর্মশালা গত ০৪/১০/২০১৩ তারিখে খুলনা শাখায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক এবং লীজ, কনজুমার ক্রেডিট ও আইন বিভাগের প্রধান জনাব দেওয়ান রুহুল আহসান। এছাড়াও উপস্থিত ছিলেন কনজুমার ক্রেডিট বিভাগের সহকারী মহাব্যবস্থাপক নান্না শিকদার ও মোঃ আক্কাচ আলী মিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান মোহাম্মদ হুমায়ুন কবির। অনুষ্ঠানে ব্যাংকের সামগ্রিক মুনাফায় ভোক্তা ঋণের অবদান, যথার্থ গ্রাহক নির্বাচন পূর্বক ব্যাংকিং আইন ও প্রবিধি অনুযায়ী ঋণ প্রদান, ব্যাংক-গ্রাহক-এজেন্ট সম্পর্ক উন্নয়ন, বিভিন্ন ধরনের ভোক্তা ঋণ প্রদানে করনীয়, প্রয়োজনীয় কাগজ পত্র ও দলিলাদি গ্রহণ, ঋণ তদারকী ও আদায়ের প্রয়োজনীয় ও আইনগত দিক, ঋণ খেলাপীর বিরুদ্ধে মামলার প্রক্রিয়া প্রভৃতি বিষয়ে দিন ব্যাপী আলোচনা হয়। অনুষ্ঠানে বক্তাগণ শাখা ব্যবস্থাপকদের পেশাগত ও সেবার মনোভাব নিয়ে ভোক্তাঋণ কার্যক্রম আরো গতিশীল করতে আহবান জানান।







## নতুন নিয়োগপ্রাপ্ত সিনিয়র অফিসার ও অফিসারদের জন্য "অরিয়েন্টেশন কোর্স" সম্পন্ন

পূবালী ব্যাংক লিমিটেডে নতুন নিয়োগপ্রাপ্ত ১২২ জন সিনিয়র অফিসার ও ১৮৫ জন অফিসার এর জন্য মানব সম্পদ বিভাগ ৫ (পাঁচ) দিনব্যাপী "অরিয়েন্টেশন কোর্স" আয়োজন করে। প্রশিক্ষণার্থীদের ব্যাংকিং ধারণা, ব্যাংক পরিচালনার নীতি ও নিয়মকানুন এবং তা প্রয়োগ সম্পর্কে সঠিক ধারণা দেয়ার লক্ষ্যে এই "অরিয়েন্টেশন কোর্স" আয়োজন করা হয়।

পূবালী ব্যাংক মিলনায়তনে অনুষ্ঠিত "অরিয়েন্টেশন কোর্স" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম এ হালিম চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী নবীনদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে নিজেদেরকে ব্যাংকিং সংক্রান্ত সবধরণের জ্ঞান আহরণের মাধ্যমে সমৃদ্ধ করে তুলতে হবে। তিনি আরো বলেন, বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে নিজেকে দক্ষ ব্যাংকার হিসেবে সুপ্রতিষ্ঠিত করা সম্ভব।

অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম এ হালিম চৌধুরী নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ব্যাংকিং পেশায় স্বাগত জানিয়ে দৃঢ় সংকল্প, একাগ্রতা, আন্তরিকতা এবং পেশাদারিত্ব দিয়ে গ্রাহকদের সেবাদানের আহ্বান জানান।

অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।



## মানিলন্ডারিং প্রতিরোধ ও পরিপালন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

খুলনা অঞ্চল কর্তৃক আয়োজিত উক্ত অঞ্চলের ২৬ টি শাখার ব্যবস্থাপক ও সংশিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে "মানিলন্ডারিং প্রতিরোধ ও পরিপালন এবং ইন্টারনাল কন্ট্রোল ও কম্পস্নায়েন্স" বিষয়ক কর্মশালা গত ০৫/১০/২০১৩ ইং তারিখ খুলনা শাখায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক এবং আইসিসি বিভাগের প্রধান জনাব নীতিশ কুমার রায়। এছাড়াও উপস্থিত ছিলেন সংশিস্নষ্ট বিভাগের এসপিও জনাব মোঃ জসীম উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান জনাব মোহাম্মদ হুমায়ুন কবির। অনুষ্ঠানে মানিলন্ডারিং প্রতিরোধ ও পরিপালন এবং সন্ত্রাস বিরোধী আইন(সংশোধিত) বিষয়ে, ব্যাংকের ৬ টি মূল ঝুঁকি ও পরিবেশ সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে, হিসাব খোলার সময় গ্রাহক পরিচিতি যথাযথ গ্রহণ ও প্রয়োজনীয় দলিলাদী গ্রহণ, ইন্টারনাল কন্ট্রোল ও কম্পস্নায়েন্স, গ্রীণ ব্যাংকিং, ব্যাংকিং প্রোডাক্টস্, গ্রাহক সেবার মান বৃদ্ধি প্রভৃতি বিষয়ে দিন ব্যাপী আলোচনা হয়। অনুষ্ঠানে বক্তাগণ শাখা ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তাদের দক্ষতার সহিত মানিলন্ডারিং প্রতিরোধ ও পরিপালন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ, গ্রাহক সেবার মান বৃদ্ধি, ৬ টি মূল ঝুঁকি ও পরিবেশ সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে সজাগ থাকার এবং হিসাব খোলার সময় গ্রাহক পরিচিতি যথাযথ গ্রহণ ও প্রয়োজনীয় দলিলাদী গ্রহণ করতে আহবান জানান।






## গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা

পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় রাজশাহী কর্তৃক গত ৯ নভেম্বর ২০১৩ ইং তারিখ রোজ শনিবার রাজশাহীর ওয়ারিসান রেস্টুরেন্টের কনভেনশন সেন্টারে "গ্রীন ব্যাংকিং এবং পরিবেশগত ঝুঁকি ব্যবস্থাপনা" শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ রাজশাহী অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক সৈয়দ সাইফুল ইসলাম। এ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে নির্ধারিত বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিঃ রাজশাহী অঞ্চলের অঞ্চল প্রধান সৈয়দ সাইফুল ইসলাম, প্রধান কার্যালয়ের ঋণ মঞ্জুরী বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ নাঈমুল হক এবং অফিসার মোঃ আরিফুজ্জামান।

কর্মশালায় পূবালী ব্যাংকের রাজশাহী অঞ্চলের ২৬ টি শাখার শাখা প্রধান ও ঋণ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাসহ মোট ৮০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।



## কাটাখালী বাজার শাখা নতুন ভবনে স্থানান্তর

রাজশাহী জেলার পূবালী ব্যাংক লিঃ কাটাখালী বাজার শাখাটি উন্নত ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদান করার লক্ষ্যে গত ৩ নভেম্বর ২০১৩ ইং তারিখে নতুন আঙ্গিকে নতুন ভবনে স্থানান্তর করা হয়। গ্রাহক সেবার লক্ষ্যে শাখাটিতে অনলাইন সুবিধাসহ ব্যাংকিং সেবা চালু করা হয়। পূবালী ব্যাংক লিঃ এর রাজশাহী অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক সৈয়দ সাইফুল ইসলাম শাখাটির নতুন ভবনের দ্বারোদঘাটন করেন।

## ঋণের নতুন আবেদনপত্র চালু ও ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার উপর কর্মশালা

.......... *৭ম পৃষ্ঠার পর*

মহাব্যবস্থাপক মোঃ মইনুল হক, ক্রেডিট ডিভিশনের সহকারী মহাব্যবস্থাপক মোঃ মহিউদ্দিন আহমদ, সিনিয়র অফিসার এ. এস. এম. গোলাম মোস্তফা ও মোঃ মুজাম্মেল হোসেন প্রমূখ।

অনুষ্ঠানে ঋণ বিতরনের ক্ষেত্রে ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশাবলীর পরিপালন ও সঠিক তথ্য উপাত্ত সহকারে ঋণ প্রস্তাবনা উপস্থাপন বিষয়ে বিশদ আলোচনা করা হয়। বাংলাদেশের অর্থনীতির উন্নয়ন ও ব্যাংকিং সেক্টরে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক আরোপিত দিক নির্দেশাবলী পরিপালন, খেলাপী ঋণ এড়াতে সঠিকভাবে ঋণের ঝুঁকি নির্ণয় এবং তার প্রশমন, ব্যাংকের সামগ্রিক মুনাফা বৃদ্ধির কলা কৌশল বিষয়ে দিনব্যাপী আলোচনা হয়। অনুষ্ঠানে বক্তাগণ শাখা ব্যবস্থাপকদের পেশাগত ও সেবার মনোভাব নিয়ে ব্যবসায় ঋণ কার্যক্রম গতিশীল করতে আহবান জানান।



## শোক বার্তা

পূবালী ব্যাংক লিমিটেড, ঋণ প্রশাসন, তদারকী ও আদায় বিভাগ এর প্রিন্সিপাল অফিসার জনাব এস. এম. আবদুল মান্নান (৫৭) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে বিগত ০৩-১১-২০১৩ ইং তারিখে মৃত্যুবরন করেন (ইন্নালিল্লাহ ওয়া ইন্না ইলাইহী রাজিউন)। শরিয়তপুর নিজ গ্রামে পারিবারিক গোরস্থানে তাকে দাফন করা হয়। তিনি ১৯৮১ সনে পূবালী ব্যাংকে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি বিভিন্ন শাখায় অত্যন্ত সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। মৃত্যুকালে তিনি, স্ত্রী, এক পুত্র ও এক কন্যা সন্তান রেখে গেছেন।



## নবনিয়ুক্ত জুনিয়র অফিসারদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানালেন পূবালী ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক

পূবালী ব্যাংক লিমিটেডে নতুন নিয়োগপ্রাপ্ত ১২১ জন জুনিয়র অফিসার এর জন্য সম্প্রতি পূবালী ব্যাংক মানব সম্পদ বিভাগ কর্তৃক "ওরিয়েন্টেশন প্রোগ্রাম" আয়োজন করা হয়। প্রশিক্ষণার্থীদের ব্যাংকিং ধারণা, ব্যাংক পরিচালনার নীতি ও নিয়মকানুন এবং তা প্রয়োগ সম্পর্কে সঠিক ধারণা দেয়ার লক্ষ্যে এই "ওরিয়েন্টেশন কোর্স" - এর আয়োজন করা হয়।

পূবালী ব্যাংক মিলনায়তনে অনুষ্ঠিত "ওরিয়েন্টেশন কোর্স" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম এ হালিম চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী নবীনদের নিষ্ঠা ও সততার সংগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান বিশ্বায়নের যুগে নিজেদেরকে ব্যাংকিং সংক্রান্ত সবধরণের

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*






পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED


গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড,
প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫৫১৬১৪, এক্স-২৯৫, ১১০২
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com